

কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের ভর্তিতে অনীহা

কৃষিবিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রথমবর্ষ
স্নাতক সন্মান শ্রেণীতে ছাত্র-ছাত্রীদের
ভর্তিতে অনীহা দেখা দিয়াছে। যদিও
অন্যান্য বিশ্ববিদ্যালয়ে প্রতিযোগিতা বৃদ্ধি
পাইতেছে। ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে ৩ বার
অপেক্ষমাণ তালিকার বিজ্ঞাপন পত্র-
পত্রিকায় দিয়াও ৫৭০টি আসন পূরণ করা
সম্ভব হয় নাই। উক্ত শিক্ষাবর্ষে এখনও
২০টি আসনে কোন ছাত্র-ছাত্রী ভর্তি হয়
নাই। আবার ভর্তি হওয়ার ২-৩ মাস
কিংবা ১ বছর পর প্রতি বছরই প্রায় ৫০-
৬০ জন ছাত্র অন্য শিক্ষা প্রতিষ্ঠানে চলিয়া
যায়। ভর্তি বিজ্ঞপ্তি আগে দেওয়ায় যদিও
মোট আসনের ১৫-২০ গুণ বেশী
আবেদনপত্র জমা পড়ে। কিন্তু ভর্তি করার
সময় আসন পূরণ করা সম্ভব হয় না এবং
ক্লাস শুরু পর চলিয়া যায়।
চরম সেসনজট, সংঘর্ষ, সহিংস ঘটনা,
অনিয়ম, রাজনৈতিক অস্থিরতা, শিক্ষার
সুষ্ঠু পরিবেশের অভাবের কারণেই এখানে
ছাত্র-ছাত্রীদের ভর্তিতে অনীহা দেখা
দিয়াছে।
উল্লেখ্য যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
দেশের উচ্চ কৃষি শিক্ষার একমাত্র
বিদ্যাপীঠ এবং এশিয়ার অন্যতম
কৃষিশিক্ষা প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও ইহা
গুরুত্বহীন হইয়া পড়িতেছে। বিদেশী
ছাত্র-ছাত্রীদের সংখ্যাও হ্রাস পাইতেছে।